দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 APR 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

## বিশ্ববিদ্যালয়কে অনাবাসিক করা প্রসঙ্গে

গত ৩১শে মার্চ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে ঢাকা বিশ্ববিদ্যালয়কে অনাবাসিক করার প্রস্তাব যুক্তিসঙ্গত নয়। ৬০ লক্ষ জনসংখ্যার এই মহানগরীতে আবাসিক সংকট বেশ প্রকট। ছাত্র-ছাত্রীদের প্রায় সবারই রাজধানীতে থাকার ব্যবস্থা আছে মনে করা সম্পূর্ণ অযৌক্তিক। কিছুসংখ্যক ছাত্রছাত্রীর থাকার ব্যবস্থা থাকিলেও পড়াশুনার পরিবেশ আছে কি?

পত্রলেখকের 'খুনের বীজ' সংক্রান্ত ব্যাপারে আমার বক্তব্য হইতেছে—ইহা তো নিউটনের গতির তৃতীয় সূত্র নয় যে, প্রতিটি ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া থাকিবে, অর্থাৎ খুনের বদলে খুনই হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সমস্যার সমাধান কেবল রাজনৈতিক দলগুলির নমনীয়তা, সরকারের ঐকান্তিক সাহায্য, বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিরপেক্ষতা এবং দেশ ও জাতির প্রত্যেকটি লোকের সহযোগিতা দ্বারাই সম্ভব।

—মোঃ [illegible]জানুর রহমান, সমাজ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়